Lens Asia

৬ নভেম্বর, ২০২৫

# পাকিস্তান থেকে আসা পাখির খাদ্যের আড়ালে ২৫ টন মাদকজাত পপি বীজ আটক



সংগৃহীত ছবি

চট্টগ্রাম বন্দরে পাকিস্তান থেকে আনা দুই কনটেইনার পাখির খাদ্যের মধ্যে লুকানো ২৫ টন পপি বীজ উদ্ধার করা হয়েছে। পণ্যটি মূলত পাখির খাবারের হিসেবে ঘোষণা করা হলেও কাস্টম কর্মকর্তাদের তদারকিতে নিষিদ্ধ পপি বীজের উপস্থিতি ধরা পড়ে।

কাস্টমস সূত্রে জানা গেছে, মেসার্স আদিব ট্রেডিং ৯ অক্টোবর পাকিস্তান থেকে 'বার্ড ফুড' আমদানি করার ঘোষণা দিয়েছিল। তবে কন্টেইনার দুটি খোলার সময় দেখা যায়, ৭ টন বৈধ পাখির খাদ্যের সঙ্গে ২৫ টন পপি বীজ বস্তার মধ্যে লুকানো ছিল। কৌশলে পাখির খাবার কন্টেইনারের সামনে রাখা হলেও ভেতরের অংশে পপি বীজ রাখা হয়েছিল। বাজারে এই বীজের মূল্য প্রায় ৬.৫ কোটি টাকা।

কাস্টমস কর্মকর্তারা জানিয়েছেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ অনুযায়ী পপি বীজ মাদক হিসেবে গণ্য হয়। তাই আইন অনুসারে এই নিষিদ্ধ পণ্য আমদানির ঘটনায় আমদানিকারকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

LENS ASIA